# তালা উপজেলা পরিষদের নভেম্বর/ ২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : ঘোষ সনৎ কুমার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
তালা, সাতক্ষীরা

সভার তারিখ : ২০/১১/২০২৩খ্রি:
সভার সময় : সকাল ১১.০০ টা

সভার শুরুতে সভাপতি আজকের সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানান এবং উপজেলার সার্বিক উন্নয়নের জন্য সহযোগিতা কামনা করেন। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, তালাকে বিধি মোতাবেক সভার কাজ শুরু করার অনুরোধ জানান।

**০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণঃ**

সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোনো সংশোধন, সংযোজন ও বিয়োজন না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভাগওয়ারী আলোচনা করা হয়।

**০২। বিভাগীয় আলোচনাঃ**

**(ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দপ্তর :

আলোচনা : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২৩-২৪ অর্থবছরের এইচবিবি বাবদ ১৫০০ মিটার কাজ বাবদ বরাদ্দ পাওয়া গেছে যা টেন্ডার বিজ্ঞপ্তির জন্য প্রক্রিয়াধীন।এ ছাড়া তার অফিসের অন্যান্য কার্যক্রম বিধি মোতাবেক সুষ্ঠুভাবে চলছে মর্মে অবহিত করেন।

(খ) উপজেলা শিক্ষা অফিস :

আলোচনা : উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন, মাঝিয়াড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রাচীর নির্মানে এবং আখড়াখোলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জমি নিয়ে জটিলতা নিরসনের জন্য তিনি সভার দৃষ্টি আকর্ষণ করেন। বিশেষ করে সহকারী কমিশনার (ভূমি) মহোদয়ের সুদৃষ্টি কামনা করা হয়। তা ছাড়া বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের চুরি যাওয়া প্রসঙ্গে তিনি সভাকে অবহিত করেন যে, গত ১ মাসে কোন প্রকার চুরির ঘটনা ঘটেনি। তা ছাড়া সিসি ক্যামেরা ক্রয়ের বিষয়ে একটি যুক্তিসঙ্গত উপায় বের করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। এ ছাড়া তার অফিসের কাজ স্বাভাবিকভাবে চলছে।

(গ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস :

আলোচনা : সভায় উপস্থিত উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, তার দাপ্তরিক কাজের সুবিধার্থে প্রমোট বিল্ডিং-এ অফিস স্থানান্তর করা হয়েছে। তিনি কোচিংন বাণিজ্য বন্ধের উপর গুরুত্বারোপ করেন। নতুন কারিকুলাম নিয়ে অনেকে গুজব ছড়াচ্ছে। তিনি সভায় আরও জানান, ৬ষ্ঠ থেকে ৯বম শ্রেণি পর্যন্ত নতুন কারিকুলাম চালু হওয়ার প্রেক্ষিতে কোচিং বাণিজ্য বন্ধ হয়ে গেছে। নতুন কারিকুলামে বাড়িতে খুব একটা পড়াশোনার প্রয়োজনা হবেনা মর্মে তিনি সভাকে অবহিত করেন। এ ছাড়া তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।

(ঘ) উপজেলা মহিলা বিষয়ক দপ্তরঃ

আলোচনা : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, চলতি মাসে ০৫ জন শ্রেষ্ঠ জয়িতা নির্বাচন করে তালিকা জেলায় প্রেরণ করা হয়েছে এবং নির্বাচিত জয়িতাদের আগামী ০৯ ডিসেম্বর বেগম রোকেয়া দিবসে সম্মাননা প্রদান করা হবে। ভিডব্লিউবি কার্যক্রমের অক্টোম্বর/২০২৩ মাসের চাল বিতরণ করা হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির ভাতাভোগীর ভাতার অর্থ বর্তমান মাসে সরাসরি প্রধান কার্যালয় হতে ভাতাভোগীর একাউন্টে পাঠানো হয় মর্মে সভাকে অবহিত করেন। কিশোর কিশোরী ক্লাব প্রকল্পের কার্যক্রম যথানিয়মে চলছে। অফিসের অন্যান্য কার্যক্রম যথাযথভাবে চলছে।

(ঙ) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তালা সভায় জানান যে, আগামী ২৫-৩০ নভেম্বর ২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত ০৬ দিনব্যাপী পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উদযাপন করা হবে। এ বারের পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহের প্রতিপাদ্য হচ্ছে "নিরাপদ মাতৃত্ব,

পরিকল্পিত পরিবার-স্মার্ট বাংলাদেশ হোক রআমাদের অঙ্গীকার।'' তিনি সভাকে আর ও অবহিত করেন যে, উক্ত সেবার আওতায় উপজেলার ১২টি ইউনিয়নে বিশেষ সেবার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। নগরঘাটা আশ্রয়কেন্দ্রে স্যাটেলাইট ক্লিনিক সেবা চালু করা হয়েছে। তা ছাড়া প্রতিটি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্রে স্বাভাবিক সেবা কার্যক্রম চলমান থাকবে।এ ছাড়া তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

**সিদ্ধান্ত :** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, তালা-কে অনুরোধ করা হয়।

(চ) উপজেলা যুব উন্নয়ন বিভাগ :

আলোচনা : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরে রাজস্ব খাতে ১৪ টি ব্যাচে প্রশিক্ষণ প্রদানের নির্দেশনা ছিল। ইতোমধ্যে ০১টি ব্যাচে(৩০x০১)=৩০ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ক্রমপুঞ্জিত প্রশিক্ষনার্থীর সংখ্যা (উন্নয়ন ১৯৭২+রাজস্ব ৭৩৬৪)=৯৩৩৭ জন। চলতি অর্থবছরে আত্মকর্মী করা হয়েছে রাজস্ব-৩০ জন, ক্রমপুঞ্জিত আত্মকমীর সংখ্যা (উঃ ০ + রাঃ ৩৮০৬)= ৩৮০৬জন। চলতি মাস পর্যন্ত যুবঋণ বিতরণ করা হয়েছে ৫৮ জন যুব এর মধ্যে (রাজস্ব) ৩০২০০০০/-টাকা। ক্রমপঞ্জিত ঋণ বিতরণের পরিমান ৫,০৪,৭৪,০০০/-টাকা। মেয়াদ উত্তীর্ণ ঋণ খেলাপীর পরিমান ১২,৩৯,১৫১/-টাকা । কিস্তি খেলাপী টাকার পরিমান ১,৬৬,১০০/- টাকা । চলতি মাসে ঋণ আদায়ের হার ৮০% এবং ক্রমপুঞ্জিত আদায়ের হার-৯৭%। করোনা ভাইরাস (কোভিড-১৯)এর কারনে সকল প্রকার ঋণ আদায় বন্ধ থাকার কারনে কিস্তি খেলাপী ও মেয়াদীত্তোর্ন খেলাপীর পরিমান বেড়েছে ফলে আদায়ের হার কম হয়েছে। এ ছাড়া তার কার্যালয়ের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে জানান।

(ছ) মৎস্য বিভাগ :

আলোচনা : সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা তালা জানান যে, মৎস্যসম্পদ উন্নয়নে মোট ০৬টি ক্লাস্টারে বিভক্ত করে ক্লাস্টারভিত্তিক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তার দপ্তরের সকল কাজ সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।

(জ) কৃষি বিভাগ :

আলোচনা : সভায় উপজেলা কৃষি অফিসার, তালা জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। রবি মৌসুমে বরাদ্দকৃত প্রণোদনা প্রদান সম্পন্ন হয়েছে। পরবর্তী প্রণোদনা পাওয়া গেলে যথাযথভাবে প্রদান করা হবে। গত বছর যে সকল কৃষককে প্রণোদনা প্রদান করা হয়েছে, এ বছরে তাদের বাদ দিয়ে তালিকা দেয়ার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে অনুরোধ করা হয়।

(ঝ) সমাজসেবা বিভাগ :

আলোচনা : সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, বিভিন্ন প্রকার ভাতাভোগীদের সেবা যথাযথভাবে প্রদান করা হচ্ছে।তালা হাসপাতালে একজন পাগলী একটি পুত্র সন্তান প্রসব করে। যথারীতি শিশু কল্যাণ বোর্ডের সভার সিদ্ধান্ত মোতাবেক আবেদনকৃত ৮টি পরিবারের মধ্য হতে উপযুক্ত পরিবারের জিম্মায় উক্ত সন্তানটিকে হস্তান্তর করা হয়েছে। আগামী জুন মাসে উক্ত সন্তানের নামে ৪ লক্ষ টাকা ফিক্সড ডিপোজিট করা হবে এবং ৪ শতাংশ জমি রেজিস্ট্রি করে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। পাশাপাশি বেসরকারি সংগঠন "সহানুভূতি"কে ধন্যবাদ জানানো হয়। এ ছাড়া তার অফিসের অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে।

(ঞ) পল্লী সঞ্চয় ব্যাংক :

আলোচনা : সভায় ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, তালা জানান যে, পল্লী সঞ্চয় ব্যাংক, তালা শাখার ঋণ আদায় ও ঋণ বিতরণ স্বাভাবিক ভাবে চলমান। তার দপ্তরের খেলাপী ঋণ হ্রাসের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের সহায়তা প্রয়োজন। ঋণ আদায় সন্তোষজনক। পাশাপাশি তার দপ্তরের অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে।

**ট) জনস্বাস্থ্য বিভাগ :** সভায় জনস্বাস্থ্য বিভাগের সহকারী প্রকৌশলী জানান যে, তাদের দাপ্তরিক কাজ ভালভাবে চলছে। গভীর নলকূপ স্থাপনের বিষয়ে তিনি বলেন যে, প্রকল্পের কাজের অগ্রগতি প্রায় ৮০%।

**ঠ) উপজেলা তথ্যসেবা বিভাগ :** সভায় উপজেলা তথ্যসেবা কর্মকর্তা জানান যে, তাদের দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে চলছে। উঠান বৈঠকের কার্যক্রম নিয়মিত চলছে। এ ছাড়া তার দপ্তরের অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে।

CamScanner

(ড) সমবায় বিভাগ : সভায় উপজেলা সমবায় কর্মকর্তা জানান, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি সভায় অভিমত প্রকাশ করেন যে, ধারাবাহিকভাবে সকল ঋণ খেলাপীর নামে সার্টিফিকেট মামলা করলে ঋণ আদায়ের হার বৃদ্ধি পাবে এবং সাথে সাথে নতুন সদস্যদের মাঝে ঋণ প্রদানের মাধ্যমে তাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন সম্ভব হবে।

(ঢ) সামাজিক বন বিভাগ : সভায় ফরেস্টার সামাজিক বন বিভাগ, তালা বলেন যে, বৃক্ষ রোপণের উপর "মাননীয় প্রধানমন্ত্রী জাতীয় পুরস্কার" প্রদান করা হবে। ব্যক্তি/প্রতিষ্ঠান/ সংগঠন/ সরকারি/ বেসরকারি পর্যায়ে সকলের নিকট হতে আবেদন আহবান করা হয়েছে।এ বিষয়ে যে কোন প্রকার সহায়তা প্রদানের জন্য তার দপ্তর কাজ করবে মর্মে সভাকে অবহিত করা হয়। সরকারের উক্ত কর্মসূচি বাস্তবায়নের জন্য তিনি উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগিতা কামনা করেন।

(ণ) স্বাস্থ্য বিভাগ : সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তার প্রতিনিধি বলেন যে, পরিষদের আর্থিক সহায়তায় একজন পরিচ্ছন্নতাকর্মী নিয়োগ করার বর্তমানে হাসপাতালে আঙ্গিনা বেশ পরিস্কার পরিচ্ছন্ন রয়েছে।এ জন্য তিনি উপজেলা পরিষদকে ধন্যবাদ জানান।

(ত) বিআরডিবি বিভাগ :

বিআরডিবি তালা উপজেলা গ্রামীণ আর্থ সামাজিক উন্নয়নে কৃষক, বিত্তহীন পুরুষ ও মহিলাদের সুসংগঠিত করে সমিতি ও দলের সদস্যদের কৃষি উৎপাদন ও অন্যান্য আয় বৃদ্ধি মূলক কর্মকান্ডে ঋণ সহায়তা প্রদান করা সহ ক্ষুদ্র ক্ষুদ্র শেয়ার ও সঞ্চয় জমার মাধ্যমে পুর্জি গঠনে সহায়তা করে যাচ্ছে।

বিআরডিবি ১৯৮২ সাল হতে শুরু করে অক্টোম্বর /২৩ পর্যন্ত নিম্নরুপ অগ্রগতি অর্জন করতে সক্ষম হয়েছে।

| ক্রঃ নং | প্রকল্প/কর্মসূচির নাম | সমিতি/দল | সদস্য সংখ্যা | মূলধন গঠন | ঋণ বিতরণ | আদায় | খেলাপী | আদায় হার | প্রশিক্ষণ প্রদান |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | কৃষক সমবায় সমিতি | ১০২ | ২৫৬৯ | ১৮০.২৩ | ৬৩৪০.৭৭ | ৫৭০৮.১৫ | ২১.০৫ | ৮০% | ২২২০ |
| ২ | মহিলা সমবায় সমিতি | ৫০ | ১৯৭৫ | ১১৪.২৩ | ৪১৭৫.৭৮ | ৩৮২৭.৩১ | ৮.৩৫ | ৮৯% | ১৫৩৭ |
| ৩ | সদাবিক কর্মসূচি | ৬২ | ২১১২ | ৩৫.২৪ | ১৭০৯.৮৮ | ১৫৯১.১২ | ১২.৫৪ | ৮৭% | ৭৫০ |
| ৪ | পল্লী প্রগতি কর্মসূচি | ২১ | ৫০৯ | ১১.১৫ | ৫৭৩.৮৮ | ৫৩১.৯৯ | ৩.৭১ | ৭৯% | ১১০ |
| ৫ | অস্বচ্ছল মুক্তিযোদ্ধা | ০ | ৬৫ | ০ | ২৮.৫৬ | ২৪.৩১ | ০.০০ | ০% | ০ |
| ৬ | অপ্রধান শস্য কর্মসূচি | ৩০ | ৮৪০ | ১৫.১৫ | ১৬৫.২০ | ১০৩.০৯ | ০.০০ | ১০০% | ২৯০০ |
| | মোট= | ২৬৫ | ৮০৭০ | ৩৫৬.০০ | ১২৯৯৪.০৭ | ১১৭৮৫.৯৭ | ৪৫.৬৫ | ৭৩% | ৭৫১৭ |

| ক্রঃনং | কর্মসূচির নাম | স্কীম বাস্তবায়নের লক্ষ্যমাত্রা | স্কীম বাস্তবায়ন | স্কীম বাস্তবায়নের হার | প্রশিক্ষণ প্রদান |
|---|---|---|---|---|---|
| ১ | অংশীদারিত্ব মূলক পল্লী উন্নয়ন প্রকল্প | ১০০ | ১০০ | ১০০% | ১৭৪০ |

সিদ্ধান্ত : বিষয়ে সভায় আলোচনা হয় এবং কাজের এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

(থ) প্রাণিসম্পদ বিভাগ : সভায় উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন যে, তাদের অফিসের সরকারি গাড়িটি রাখার মত কোন ব্যবস্থা নেই। পরিষদের অর্থায়নে একটি গ্যারেজ তৈরী করে দেয়ার জন্য তিনি সভাকে অনুরোধ করেন। তাছাড়া ঔষধ ফ্রিজিং করার জন্য এলজিএসপি প্রকল্প হতে একটি রেফ্রিজারেটর সরবরাহের ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন।

(দ) খাদ্য বিভাগ : সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন যে, তার গোডাউন থেকে বিভিন্ন দপ্তর খাদ্য সরবরাহ নিয়ে থাকেন। খাদ্য ডেলিভারী নেওয়ার ক্ষেত্রে প্রায়শ:ই সমস্যা হওয়ার প্রেক্ষিতে এখন থেকে খাদ্য সরবরাহের সময় একজন করে ট্যাগ অফিসার উপস্থিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে তিনি সার্বিক সহযোগিতা প্রদান করবেন মর্মে সভাকে আশ্বাস প্রদান করেন।

CamScanner

০৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের বক্তব্য :

(ক) চেয়ারম্যান, খলিলনগর ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, (১) কল্যানী গ্রামের অসুস্থ ব্যক্তির জন্য মানবিক সহায়তা কামনা করেন। এ ছাড়া তিনি বীর নিবাস, মাধ্যমিক পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতা, বাল্যবিবাহ, টিসিবি এবং কাবিখার ৭০০ মি. রাস্তা নিয়ে আলোচনা করেন। তিনি পরিষদের ও পরিষদের সহযোগী সকল বিভাগের প্রতিটি কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলের নিকট অনুরোধ জানান।

(খ) চেয়ারম্যান, তালা সদর ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, শহীদ আলী আহমদ এবং ব্রজেন দে সরকারি স্কুলে ভর্তির শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারের সুদৃষ্টি কামনা করেন। ফায়ার সার্ভিস অফিসের সামনের রাস্তা বাঁকা সরলীকরণের জন্য অনুরোধ করেন এবং এলাকার পানি নিষ্কাশনের জন্য তথায় ড্রেনটি অক্ষুন্ন রাখার দাবী জানান। তা ছাড়া টিসিবি এবং ফেয়ার প্রাইজ নিয়ে আলোচনা করেন।

(গ) চেয়ারম্যান, তেতুলিয়া ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, ব্যক্তিগত মৎস্য ঘেরের পাড় ভেঙ্গে সরকারি রাস্তা নষ্ট হচ্ছে। এ ছাড়া সুভাষিনী রাস্তার পাশে বন বিভাগের গাছ পড়ে নষ্ট হচ্ছে। বিষয়গুলো বিধি মোতাবেক ব্যবস্থা নেয়ার জন্য সভাকে অনুরোধ করেন।

(ঘ) চেয়ারম্যান, খলিষখালী ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, হাট-বাজার ইজারার ৫% অর্থ ছাড় করার বিষয়ে এবং এলাকার বেশ কিছু রাস্তা বিশেষ করে খলিষখালী- পাটকেলঘাটা রাস্তাটি আশু সংস্কারের জন্য সভাকে অনুরোধ করেন।

(ঙ) চেয়ারম্যান, জালালপুর ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, এডিপি এবং উন্নয়ন তহবিলের প্রকল্পগুলো দ্রুত ছাড় করার জন্য সভাকে অনুরোধ করেন। প্রকল্প বাস্তবায়ন অফিসের কৃত কাজের বিল দ্রুত পরিশোধের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। এ ছাড়া একটি অসাধু চক্র তার এলাকায় বেশ কিছু বাজারে অসুস্থ গরু/ছাগল জবাই করে মাংস বিক্রি করছে। এ বিষয়ে স্যানিটারী বিভাগের নজরদারী বৃদ্ধির জন্য তিনি সভাকে পরামর্শ প্রদান করেন।

(চ) চেয়ারম্যান, ধানদিয়া ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, তার এলাকার মৌলভী বাজার এলাকায় ৪টি শিশু গাছ শুকিয়ে গেছে। যে কোন সময়ে পড়ে যেয়ে দুর্ঘটনা ঘটতে পারে। বিষয়টি দেখার জন্য তিনি সভাকে অনুরোধ করেন।

(ঙ) চেয়ারম্যান, খেশরা ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, শাহাজাতপুর-ইউসুফ বাছাড় রাস্তা খুবই খারাপ। আব্দুল্লাহপুর মোড় কালভাটটি মেরামত খুই জরুরী। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

(চ) চেয়ারম্যান, মাগুরা ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, চরগ্রাম-ছাচতলা রাস্তা সংস্কার করা খুবই প্রয়োজন। এ ছাড়া বালিয়াদহা-মাদরা মোড় কালভাটটি মেরামত জরুরী। তা ছাড়া এলাকার ঘের মালিকগণ তাদের মৎস্যঘেরে আলাদা করে বেড়ী বাঁধ না দেয়ার কারণে সরকারি রাস্তা ভেঙ্গে যাচ্ছে। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

০৪। বিবিধ :

**(ক) বিষয় : উপজেলা শিল্পকলা একাডেমি মেরামত।**

আলোচনা : সভায় উপজেলা প্রকৌশলী বলেন যে, তালা শিল্পকলা একডেমিতে প্রায়ই অনুষ্ঠান লেগে থাকে। সম্প্রতি এখানে এসি সংযোগ প্রদান করা হয়েছে। কিন্তু শিল্পকলা একডেমির টিনের চাল নষ্ট হয়ে গেছে। অবিলম্বে চালের টিন পরিবর্তন করা দরকার। তিনি এ বিষয়ে ২,০০,০০০/- টাকার একটি প্রাক্কলন প্রস্তুত করেছেন। একটি প্রকল্প কমিটির মাধ্যমে কাজটি করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা উন্নয়ন তহবিলের অর্থ দ্বারা নিম্নরূপ কমিটির মাধ্যমে প্রকল্পের কাজটি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

| | |
|---|---|
| (I) চেয়ারম্যান, তালা সদর ইউ পি | সভাপতি |
| (II) প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তালা | সদস্য |
| (III) জনাব সজল কুমার শীল, উপসহকারী প্রকৌশলী, এলজিইডি | সদস্য |

০৪। সভায় জনাব এনামুল ইসলাম, অধ্যক্ষ, শহীদ মুক্তিযোদ্ধা মহাবিদ্যালয়, তালা সভায় বলেন যে, আজকের সভাটি অত্যন্ত ফ্রুটফুল হয়েছে। সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধিসহ সর্বস্তরের সদস্যবৃন্দ সকলেই অত্যন্ত চমৎকারভাবে কাজ করছেন মর্মে তার নিকট প্রতীয়মান হয়েছে। তিনি সভার উত্তোত্তর সমৃদ্ধি কামনা করেন।

CamScanner

০৫। জনাব আফিয়া শারমিন, উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন যে, এ ছাড়া বাজার নিয়ন্ত্রণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সহকারী কমিশনার (ভূমি)কে অত্যন্ত সুচারুরূপে দায়িত্ব পালন করছে। প্রতিটি দোকানে যেন পণ্য মূল্য তালিকা দৃশ্যমান থাকে সেটি সহকারী কমিশনার (ভূমি) নিশ্চিত করছেন। তাছাড়া এলাকায় যার যার অবস্থানে থেকে সকলে একত্রে কাজ করতে হবে। সমাজের সকলে মিলে সকল পেশার মানুষকে নিয়ে কাজ করলে ভাল ফল পাওয়া যাবে।

এ ছাড়া তিনি বলেন, প্রতিটি ইউনিয়নের সকল অবকাঠামোগত উন্নয়নমূলক কাজ যথাসময়ে সরকারি বিধি অনুযায়ী সম্পন্ন করতে সংশ্লিষ্ট স্ব-স্ব কর্তৃপক্ষকে অনুরোধ করেন।তিনি এলাকার সকল উন্নয়ন তিনি unotala facebook-এ দেখতে চান। বাল্যবিবাহ যাতে অনুষ্ঠিত না হয় তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয় এবং সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। জন্ম নিবন্ধন কাজ অত্যাবশ্যকীয়ভাবে করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান।আজকে পরিবার পরিকল্পনা বিষয়ক এ্যাডভোকেসি সভা অনুষ্ঠিত হয়েছে। নিয়মিত ইউনিয়ন মাসিক সমন্বয় কমিটির সভা অনুষ্ঠান করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। তিনি কোভিড-১৯, ওমিক্রন এবং ডেঙ্গু সম্পর্কে সকলকে সচেতন থাকার পরামর্শ দেন। সামাজিক দূরত্ব বজায় রাখা, আবশ্যিকভাবে মাস্ক পরিধান করা, লাইসেন্সবিহীন গাড়ি চালানো থেকে সকলকে বিরত রাখা, ডিজিটাল পদ্ধতিতে জুয়া ও মাদক প্রতিরোধ করার জন্য তিনি সকলকে অনুরোধ করেন।

০৭। সভায় উপজেলা চেয়ারম্যান, তালা বলেন যে, গরুর খুরা রোগের বিষয়ে সকলকে সচেতন থাকতে হবে। পাশাপাশি স্বাস্থ্য বিভাগ তৎপর থাকবে। এডিবি এবং উন্নয়ন বিভাজন করা হয়েছে। সভায় যে সকল সমস্যার বিষয়ে আলোচনা হয়েছে, প্রত্যেকটি বিষয়ে বিধি মোতাবেক সংশ্লিষ্ট দপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

পরিশেষে উপজেলা পরিষদের অর্ন্তভুক্ত সকল বিভাগের উন্নয়ন কাজ সম্পর্কে সভাকে অবহিত করার জন্য তিনি সকল বিভাগীয় প্রধানগণকে বিনীত অনুরোধ করেন। উপজেলা পরিষদের অন্তর্ভুক্ত সকল দপ্তরের প্রতিটি কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। পরিশেষে তিনি সকলকে সভায় অংশগ্রহণের জন্য কৃতজ্ঞতা ও শুভেচ্ছা জানান। এ ছাড়া উপজেলা পরিষদের অন্যান্য দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ঘোষ সনৎ কুমার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
তালা, সাতক্ষীরা

তারিখ : ২০.১১.২০২৩ খ্রি:

নম্বর : ০৫.৪৪.৮৭৯০.০০০.০৬.০০১.২৩ - ৯৬৭

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। এড. মুস্তফা লুৎফুল্লাহ, মাননীয় সংসদ সদস্য-১০৫, সাতক্ষীরা-১ (তালা- কলারোয়া)
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। বিভাগীয় কমিশনার, খুলনা
৬। জেলা প্রশাসক, সাতক্ষীরা
৭-৫০। জনাব---------------------------------------------তালা, সাতক্ষীরা

২০-১১-২০২৩

আফিয়া শারমিন
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
তালা, সাতক্ষীরা

CamScanner